গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.epb.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫৫.৬৭.০৫০.২৫.০৮ তারিখঃ ৩০-১০-২০২৫ খ্রিঃ

## ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ এর ক্যাফেটেরিয়া ইজারা/বরাদ্দের দরপত্র বিজ্ঞপ্তি

আগামী ০১ জানুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখ হতে মাসব্যাপী অনুষ্ঠিতব্য ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ উপলক্ষ্যে (বিসিএফইসি এর ক্যাফেটেরিয়া (রান্নার আধুনিক সকল সুবিধা এবং ৫০০ লোকের সিটিং ক্যাপাসিটি সম্বলিত সুসজ্জিত ক্যাফেটেরিয়া) মেলা চলাকালীন ভাড়ায় (Leasing-out) পরিচালনার জন্য বাংলাদেশের স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড হোটেল/রেস্টুরেন্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র (sealed tender) আহ্বান করা যাচ্ছে:

১. ক্যাফেটেরিয়া ইজারা কাজের আবেদনপত্র আগামী ০৩-১১-২০২৫ খ্রি. হতে ২৩-১১-২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা-এর প্রশাসন শাখা (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫) হতে উক্ত সেবা/কাজের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল/দরপত্র দলিল টাঃ ২০০০/-(দুই হাজার) মাত্র মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে এবং এ বিষয়ে বিস্তারিত জানা যাবে;

২. পূরণকৃত আবেদনপত্র আগামী ০৪-১১-২০২৫ খ্রি. হতে ২৩-১১-২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৩:০০ টার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা-এর প্রশাসন শাখায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। ডাক/কুরিয়ার/ই-মেইল/ফ্যাক্সযোগে দরপত্র দাখিল করা হলে তা অবশ্যই উক্ত সময়ের মধ্যে পৌঁছাতে হবে;

৩. আগামী ২৩-১১-২০২৫ খ্রি. তারিখ বেলা ০৪:০০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা-এর কনফারেন্স রুমে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত করা হবে;

৪. আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানকে কমপক্ষে থ্রি স্টার মানের হোটেল/রেস্টুরেন্ট পরিচালনার ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

৫. আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানের বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর আওতায় হোটেল পরিচালনার জন্য নির্ধারিত নিবন্ধন সনদ থাকতে হবে;

৬. আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানের অত্যাধুনিক কিচেন পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৭. বিবেচ্য ক্যাফেটেরিয়া কিচেনে কোন প্রকার গ্যাস বার্নার ব্যবহার করা যাবে না;

৮. বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়ার নির্ধারিত ফ্লোর মূল্য/দর টাঃ ৩০,০০,০০০/- (টাঃ ত্রিশ লক্ষ) (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) মাত্র। দরপত্রে উক্ত ফ্লোর মূল্য/দর অপেক্ষা অধিক মূল্য/দর উদ্ধৃত করা যাবে। ফ্লোর মূল্য/দরের নিম্নের কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;

৯. আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানের ন্যূনতম সহজলভ্য সম্পদ (যেমন চলতি মূলধন বা ঋণ বরাদ্দ)-এর সীমা হবে টাঃ ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) মাত্র;

১০. আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানের বিগত ০৩ (তিন) বছরে কমপক্ষে টাঃ ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) মাত্রের গড় বার্ষিক টার্নওভার থাকতে হবে;

১১. দরপত্রের সাথে হালনাগাদ ব্যবসা পরিচালনার ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০২৪-২০২৫ করবর্ষের কর সনদপত্র, হালনাগাদ ব্যাংক সচ্ছলতার সনদপত্র-এর সত্যায়িত কপি এবং দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। এছাড়া, বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়ায় পরিচালনার সময় এর কোন ক্ষয়ক্ষতি করা হলে তা যথাযথভাবে মেরামত বা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে টাঃ ৩০০/-(তিনশত) মাত্র মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

১২. মেলা চলাকালীন বিবেচ্য ক্যাফেটেরিয়ায় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যে নির্ধারিত খাবার (স্থানীয়) বিক্রয় করা যাবে। কোনভাবেই কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক হারে, নির্ধারিত খাবারের বাইরে অন্য কোন খাবার বিক্রয় করা যাবে না;

১৩. বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়া গ্রহণের পর কোনক্রমেই অন্যের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক পরিচালনা করা যাবে না। পাশাপাশি বিবেচ্য ক্যাফেটেরিয়ার কোন অংশ অন্য কোন প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট ভাড়া/সাবলেট প্রদান কিংবা কোন অংশ বিভাজন করা যাবে না;

১৪. বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়ায় বরাদ্দের জন্য উদ্ধৃত দর/মূল্যসহ উদ্ধৃত দর/মূল্যের সমুদয় অর্থ www.epb.gov.bd/Facebook: www.facebook.com/epb.gov.bd থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল"-এর হিসাব নং-1501102485103001-এ জমা করতে হবে। এ ছাড়া, বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়ায় বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠানকে চূড়ান্ত কার্যাদেশ/চুক্তি প্রাপ্তির পূর্বে উদ্ধৃত দর/মূল্যসহ উদ্ধৃত দর/মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ অর্থ একই প্রক্রিয়ায় একই তহবিলের হিসাব নম্বরে জমা করতে হবে। এ ছাড়া, সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অন্যান্য কর/শুল্ক বা নতুনভাবে ঘোষিত কোন কর আরোপিত হলে তা পরিশোধ করতে হবে;

১৫. বিবেচ্য ক্যাফেটেরিয়া ভাড়ায় বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান ক্যাফেটেরিয়া পরিচালনায় ব্যর্থ হলে অথবা পরিচালনা করতে অপারগতা প্রকাশ করলে অথবা পরিচালনা না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/কার্যাদেশ/চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে, উক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ/চুক্তি মূল্যের দেড় গুণ পর্যন্ত অর্থ জরিমানা আরোপ, কার্যাদেশ/চুক্তি বাতিল, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত, ভবিষ্যতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর কোন কাজে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্তসহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৬. ডিআইটিএফ ২০২৬ এর মেয়াদ বৃদ্ধি করা হলে বর্ধিত দিনের জন্য সকল প্রকার আয়কর ও ভ্যাটসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে;

১৭. যে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ ইতোপূর্বে রপ্তানি উন্নয়ন ব্যুরো ও ডিআইটিএফ-এর কোন কাজ/সেবা প্রদান/গ্রহণের ক্ষেত্রে অযোগ্য ঘোষিত হয়েছে অথবা কালো তালিকাভুক্ত হয়েছে সে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১৮. দরদাতার যোগ্যতা, অভিজ্ঞতা, অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউল/দরপত্র দলিল মোতাবেক হবে;

১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বা এ দরপত্র/টেন্ডার প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩০.১০.২০২৫

**সচিব (উপসচিব), ইপিবি**

ও


পরিচালক, ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ সচিবালয়
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৫৫০১৩৪২০, www.epb.gov.bd/ E-mail:secy@epb.gov.bd/epb.ditf@epb.gov.bd/
ফেসবুক: www.facebook.com/epb.gov.bd


GD-599/25 (12x4)

দৈনিক সমকাল তারিখ: ০২/১১/২০২৫ ইং